



নরসিংহ দত্ত কলেজ

১২৯, বেলিলিয়াস রোড, হাওড়া - ১

দুরভাষ : - (০৩৩) ২৬৪৩ - ৮০৪৯

Ref.:.....

তারিখ : -----

গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি (অন-লাইন ভর্তি ২০১৬-২০১৭)

১. অন-লাইনে আবেদন পত্র পেশ / প্রদানের অর্থ ভর্তি নয়।
২. কেবলমাত্র শর্তসাপেক্ষে ভর্তির জন্যই অন-লাইন আবেদন। চূড়ান্ত ভর্তি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষ।
৩. এটা ধরে নেওয়া হচ্ছে যে, আবেদন পত্র প্রদত্ত তথ্যাবলী আবেদনকারীর জ্ঞাতানুসারে সত্য ও সঠিক। কোন ক্ষেত্রে মিথ্যা / ভ্রান্তিকর তথ্য প্রকাশ পেলে সেই আবেদন পত্র সাথে সাথে বাতিল হবে এবং প্রদত্ত জমা করা সকল ফি বাজেয়াপ্ত হবে।
৪. আবেদনকারী কারও দ্বারা প্রভাবিত না হয়ে তার নিজের ইচ্ছায় ভর্তির আবেদন করছেন বলে ধরে নেওয়া হবে।
৫. ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারী কলেজ ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলী (যা সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে) মেনে চলতে বাধ্য থাকবে।
৬. ভর্তি সংক্রান্ত বিষয়ে অন-লাইন এ্যাডমিশন কমিটি / কলেজ কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং কোন রকম অনুসন্ধান গ্রহন করা হবে না।
৭. কোন কারণ দর্শানো ছাড়াই ভর্তির অধিকার / আবেদন পত্র প্রত্যাহ্যনের অধিকার কলেজ কতৃপক্ষের রয়েছে / এজিয়ারভুক্ত।
৮. ভর্তি-পরবর্তী পর্যায়েও কোন প্রার্থী / ছাত্র / ছাত্রীর অসৎ আচরণ ও কাজকর্মের জন্য তার কলেজে প্রবেশাধিকারের উপর নিষেধাজ্ঞা প্রয়োগের অধিকার কলেজ কতৃপক্ষের নিজস্ব বিবেচনার উপর নির্ভরশীল এবং কলেজ কতৃপক্ষ আইনগত ব্যবস্থা গ্রহন করতে পারে।



নরসিংহ দত্ত কলেজ

১২৯, বেলিলিয়াস রোড, হাওড়া - ১

দুরভাষ : - (০৩৩) ২৬৪৩ - ৮০৪৯

Ref.:.....

তারিখ : -----

**** ভর্তি বিষয়ক নির্দেশিকা ****

বিষয়গুলি নিশ্চিত কর :-

তোমার একটি মোবাইল নম্বর রয়েছে যেটি তুমি ১৫ই আগস্ট ২০১৬ পর্যন্ত ব্যবহার করতে পারবে। তোমার আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি তোমার ভর্তির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

একের অধিক আবেদনপত্র জমা দিও না।

একটি ফর্মেই তুমি তোমার ইচ্ছামত যতবেশি সংখ্যক বিষয়ে আবেদন করতে পারো।

**** ভর্তির পদ্ধতি ****

আবেদন :-

- ১। অনলাইনে আবেদনপত্র জমা দাও।
- ২। আবেদনের জন্য প্রয়োজনীয় ফি প্রদান কর (অনলাইনে অথবা অ্যাক্সিস ব্যাঙ্কের যে কোন শাখায়)।
- ৩। তোমার নথিভুক্ত মোবাইল নম্বরে প্রেরিত সুরক্ষা নম্বর (Security PIN) সংরক্ষণ কর।
- ৪। নির্দিষ্ট দিনে ওয়েবসাইট থেকে তোমার আবেদনপত্রের অবস্থান জেনে নাও।
- ৫। কোনরকম অসঙ্গতি থাকলে নির্ধারিত দিনে (দিনগুলিতে) তা জানাও।
- ৬। নির্ধারিত দিনে মেধাতালিকা দেখ।

অনলাইন কাউন্সিলিং :-

- ১। মেধাতালিকায় তোমার স্থান পরীক্ষা করে তোমার আসন লাভের সম্ভবনা যাচাই করে নাও।
- ২। তোমার পছন্দের কোর্স নির্বাচন কর এবং অনলাইনে আসনের জন্য অনুরোধ জানাও।
- ৩। তোমার অনুরোধটিকে বৈধতাদানের জন্য সুরক্ষা-জমা প্রদান কর (অনলাইনে অথবা অ্যাক্সিস ব্যাঙ্কের যে কোন শাখায়)।
- ৪। সুরক্ষা-জমা (Security Deposit) ফেরৎ পাবার জন্য ব্যাঙ্ক-সংক্রান্ত তথ্য বিশদে প্রদান কর।
- ৫। যদি তুমি একটি আসন পাও তবে SMS-র মাধ্যমে জানানো হবে এবং ওয়েবসাইটেও তা প্রকাশিত হবে।
- ৬। তুমি কোন আসন না পেলে তোমার সুরক্ষা-জমা তোমার নথিভুক্ত ব্যাঙ্ক-অ্যাকাউন্টে ৩০-দিনের মধ্যে ফেরৎ দেওয়া হবে (তবে তা ফেরৎ দেওয়া হবে অনধিক ২৫ টাকা ব্যাঙ্ক-চার্জ কেটে নেওয়ার পর)।

* একটিমাত্র কোর্সের জন্য আবেদন ফি ২৫০ টাকা এবং এরপর অতিরিক্ত প্রতিটি বিষয়ের / পাঠ্যক্রমের জন্য আরও ৫০ টাকা করে দিতে হবে।

* তোমার নিজের নামেই ব্যাঙ্ক-অ্যাকাউন্ট থাকতে হবে এমন নয় ; তোমার অভিভাবক অথবা কোন আত্মীয়ের ব্যাঙ্ক-অ্যাকাউন্টেও সুরক্ষা-জমা ফেরৎ পাবার জন্য ব্যবহার করা যেতে পারে।



নরসিংহ দত্ত কলেজ

১২৯, বেলিলিয়াস রোড, হাওড়া - ১

দুরভাষ : - (০৩৩) ২৬৪৩ - ৮০৪৯

Ref.:.....

তারিখ : -----

- * তুমি কোন ব্যাঙ্ক-অ্যাকাউন্ট না জানালেও তুমি একটি আসনের জন্য অনুরোধ জানাতে পারো।
- * ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিং ব্যবহার করে যথেষ্ট কম ব্যাঙ্ক চার্জের বিনিময়ে তুমি অনলাইনে আবেদন বিষয়ক অর্থ প্রদান করতে পারো।

যাচাইকরণ:-

- ১। যদি তুমি একটি আসন লাভ কর সেক্ষেত্রে তোমার সকল কাগজপত্রের (Credentials) যাচাইকরণের জন্য তোমাকে সশরীরে নরসিংহ দত্ত কলেজে হাজির হতে হবে।
- ২। অবশিষ্ট (বাকী) ভর্তি ফি প্রদান কর।
- ৩। এরপর নরসিংহ দত্ত কলেজে তোমার ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে।

দয়া করে নজরে রাখো:-

- * অনলাইন কাউন্সিলিং-এ সুরক্ষা-জমা দেওয়ার অর্থই একটি আসনের নিশ্চয়তা প্রদান নয়।
-
- * একটি আসন পাবার সম্ভবনা মেধা তালিকায় তোমার স্থানের উপর নির্ভর করে - তোমার পছন্দের উপর নয়।
- * তুমি যদি একের অধিক কোর্সের জন্য যোগ্যতা অর্জন কর, সেক্ষেত্রে তোমার সর্বোচ্চ পছন্দের আসনটি তোমার জন্য সংরক্ষিত হবে।
- * অন্য সকল কোর্সের মেধা তালিকা থেকে তোমার নামটি বাদ যাবে।
-
- * তুমি কোন আসন না পেলে তোমার সুরক্ষা-জমা ফেরৎ দেওয়া হবে।
- * তুমি কোন আসন পেলে তোমার সুরক্ষা-জমা তোমার ভর্তি ফি-র সঙ্গে মিলিয়ে (adjust) দেওয়া হবে।
- * তোমার জানানো পছন্দের কোন একটি কোর্সের কোন একটি আসন যদি তুমি লাভ কর সেক্ষেত্রে কোন অবস্থাতেই তোমার সুরক্ষা-জমা ফেরৎ দেওয়া হবে না।
-
- * তুমি যে সকল কোর্সের জন্য আবেদন করছো তার সবগুলির জন্যই তোমার পছন্দ জানানোর প্রয়োজন নেই।
- * যদি তুমি কোন একটি কোর্সের জন্য পছন্দ না জানাও তাহলে সেই কোর্সের জন্য তোমার নাম বিবেচিত হবে না।
-
- * যদি তুমি তোমার কাগজপত্র যাচাইকরণের জন্য কলেজে হাজির না-হও তবে তোমার ভর্তির দাবী বাতিল হবে এবং তোমার দেওয়া সুরক্ষা-জমা বাজেয়াপ্ত হবে।
-

যদি প্রয়োজন দেখা দেয় তাহলে সেক্ষেত্রে অনলাইন কাউন্সিলিং-র অতিরিক্ত পর্যায় অনুষ্ঠিত হবে।